

উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল এর আওতায় উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক

কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব জিনিয়া আফরোজ হেলেন, ভাইস চেয়ারম্যান (মহিলা),
উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।

স্থান : উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের অফিস কক্ষ, গৌরনদী, বরিশাল।

তারিখ : ০৭-১০-২০২১ খ্রি.

সময় : সকাল ১০:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর

ক্র:	নাম	পদবী	ঠিকানা	স্বাক্ষর
১.	জনাব জিনিয়া আফরোজ হেলেন	সভাপতি	ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।	স্বাক্ষরিত
২.	জনাব মোঃ নূর আলম সেরনিয়াবাত	সদস্য	চেয়ারম্যান, খাজাপুর ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত
৩.	জনাব মোঃ আবদুর রাজ্জাক হাওলাদার	সদস্য	চেয়ারম্যান, বাথী ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত
৪.	জনাব সৈয়দ নজরুল ইসলাম	সদস্য	চেয়ারম্যান, চাঁদশী ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত
৫.	জনাব অহিদুর রহমান	সদস্য সচিব	উপজেলা প্রকৌশলী, গৌরনদী, বরিশাল	স্বাক্ষরিত

গৌরনদী উপজেলা পরিষদের উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির সভার সভাপতি মহোদয় সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন উপজেলা প্রকৌশলী জনাব অহিদুর রহমান (সদস্য সচিব, উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি)	কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।	উপজেলা প্রকৌশলী
২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ের সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রনয়ন প্রসঙ্গে	উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, জন্ম মৃত্যু নিবন্ধন আইন অনুযায়ী প্রতিটি নাগরিকের জন্য ইউনিয়ন পরিষদের মাধ্যমে অনলাইনে জন্ম-মৃত্যু নিবন্ধন করা সরকারিভাবে বাধ্যতামূলক করা হয়েছে। কিন্তু যথাযথ কারিগরি জ্ঞান না থাকায় ইউনিয়ন পরিষদসমূহ সঠিকভাবে জন্ম-মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে পারছেন না। ফলে জনগণ জন্ম-মৃত্যু নিবন্ধন করতে গিয়ে ভোগান্তিতে পরছে। এছাড়া ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টাল হালনাগাদ করা সরকারিভাবে বাধ্যতামূলক করা হয়েছে। কিন্তু যথাযথ কারিগরি জ্ঞান না থাকায় ইউনিয়ন পরিষদসমূহ ওয়েবপোর্টাল হালনাগাদ করতে পারছেন না। এমতাবস্থায়, গৌরনদী উপজেলার আওতাধীন ইউনিয়ন পর্যায়ে উদ্যোক্তা এবং ইউপি সচিবদের জন্ম-মৃত্যু নিবন্ধন ও ওয়েব পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা অত্যাবশ্যিক। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প এর মধ্যে “ডিজিটাল বাংলাদেশ গড়তে ইউনিয়ন পর্যায়ে উদ্যোক্তা এবং ইউপি সচিবদের জন্ম-মৃত্যু নিবন্ধন ও ওয়েব পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণ” টি অন্তর্ভুক্ত করা হলে প্রশিক্ষণটি বাস্তবায়ন করা সম্ভব।	“ডিজিটাল বাংলাদেশ গড়তে ইউনিয়ন পর্যায়ে উদ্যোক্তা এবং ইউপি সচিবদের জন্ম-মৃত্যু নিবন্ধন ও ওয়েব পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণ।” শিরোনামে উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরী করে প্রকল্প বাছাই কমিটির সুপারিশক্রমে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।	সহকারী প্রোগ্রামার, উপজেলা প্রকৌশলী

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩। বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন প্রসঙ্গে	UICDP প্রকল্পের সহায়তায় গৌরনদী উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের কাজ চলমান রয়েছে	যথাযথভাবে সঠিক তথ্য সংগ্রহ করে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করতে হবে	উপজেলা প্রকৌশলী

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি
(জিনিয়া আফরোজ হেলেন) ০৭/০৭/২১

সভাপতি

উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি

ও

ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ,
গৌরনদী, বরিশাল।

স্মারক নং-

তারিখঃ ০৭-১০-২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।
- ২। উপজেলা নিবাহী অফিসার, গৌরনদী, বরিশাল।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরনদী, বরিশাল।
- ৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, খাজাপুর / বাথী/ চাদশী, গৌরনদী, বরিশাল।
- ৫। অফিস কপি।

(অহিদুর রহমীম)
সদস্য সচিব

উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি

ও

উপজেলা প্রকৌশলী
গৌরনদী, বরিশাল।